

২০১৫-২০১৬ স্কুল-প্যারেন্ট সমঝোতা

“আমরা, স্কুল পিতামাতাগণ আমাদের সকল ছেলেমেয়ের জন্য একটি সফল শিখন পরিবেশ প্রদানে সহযোগিতামূলকভাবে কাজ করতে সম্মত হচ্ছি।”

ইস্ট-ওয়েস্ট স্কুল অব ইন্টারন্যাশনাল স্টাডিজ

আমরা নিম্নলিখিত উপায়ে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের স্টেট-এর মান ও মূল্যায়ন লাভের জন্য উচ্চমানসম্পন্ন পাঠক্রম এবং শিক্ষানির্দেশনা প্রদান করবো যা স্টেটের মান-এর সাথে সামঞ্জস্যপূর্ণ:

- প্রাতিষ্ঠানিক শিক্ষানির্দেশনার সময় দক্ষতার সাথে ব্যবহার করে;
- সাংস্কৃতিক, জাতিক এবং নৃ-গোষ্ঠীগত বৈষম্যের মর্যাদা দিয়ে;
- কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড-এর সাথে মিল আছে, এমন একটি পাঠক্রম বাস্তবায়ন করা;
- সকল পাঠ্য বিষয়ে উচ্চ মানসম্পন্ন শিক্ষানির্দেশনার সুযোগ দেওয়া;

আমরা বাড়ি-স্কুল সম্পর্ক জোরদার করা এবং নিম্নলিখিত প্রক্রিয়ায় যোগাযোগ বাড়াবো:

- প্রতিটি সেমিস্টারে প্যারেন্ট-টিচার কনফারেন্স আয়োজন করা, সে কনফারেন্স-এ আলাদাভাবে ছেলেমেয়ের সাফল্যের সাথে সাথে এই সমঝোতার প্রাসঙ্গিকতা নিয়ে আলোচনা করা;
- প্রতি স্কুলবছরে ১ ডিসেম্বরের আগে টাইটেল ১ কর্মসূচিতে অংশগ্রহণকারী পিতামাতাদের স্কুলের টাইটেল ১ অবস্থা এবং অর্থায়িত কর্মসূচি এবং তাদের সংশ্লিষ্ট থাকার অধিকার সম্পর্কে অবহিত করার জন্য বার্ষিক টাইটেল ১ পিতামাতা বৈঠক আয়োজন;
- ছেলেমেয়েদের শিক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য ইংরেজিতে জ্ঞান সীমিত, এমন পরিবারের অনূদিত কাগজপত্র এবং দোভাষীর সহায়তা পাওয়ার অধিকারের প্রতি মর্যাদা প্রদান করা;
- বিদ্যমান টাইটেল ওয়ান কর্মসূচি, পিতামাতা সংশ্লিষ্টকরণ নীতি ও এই সমঝোতা পর্যালোচনা, মূল্যায়ন এবং উন্নত করার পরিকল্পনা প্রক্রিয়ায় পিতামাতাদেরকে সংশ্লিষ্ট করা;
- কার্যসম্পাদনার চিত্র এবং আলাদা আলাদাভাবে শিক্ষার্থীদের অর্জিত ফল এবং প্রতিটি শিক্ষার্থীর ও অন্যান্য প্রাসঙ্গিক স্কুলের তথ্য পিতামাতাদেরকে যথাসময়ে অবহিত করা;
- পিতামাতা সংশ্লিষ্টকরণ নীতি এবং স্কুল-পিতামাতা সমঝোতা নিয়ে প্রতি বছর পিতামাতাদের সাথে আলোচনা করা হয় ও তাদের মাঝে বিলি করা হয়, সেটা নিশ্চিত করা;

আমার পিতামাতাদেরকে স্কুলকর্মীদের সাথে যোগাযোগের জন্য নিম্নলিখিত প্রক্রিয়ায় সুযোগ প্রদান করবো:

- ইংরেজিতে দক্ষতা সীমিত, এমন পিতামাতাদের সাথে কার্যকর যোগাযোগের জন্য স্কুলকর্মীদেরকে দোভাষী পরিষেবা ব্যবহারের সুযোগ দেওয়া;
- সন্তানের শিক্ষক বা স্কুলকর্মীর সাথে পিতামাতার সাক্ষাতের সময় চেয়ে নেওয়ার প্রক্রিয়া সম্পর্কে পিতামাতাদের অবগত করা;
- পিতামাতাদেরকে স্বেচ্ছাসেবক হওয়ার এবং তাদের সন্তানের ক্লাসে অংশগ্রহণ করার, এবং ক্লাসরুমের কর্মকাণ্ড পর্যবেক্ষণ করার জন্য প্রশিক্ষণ লাভের সুযোগ তৈরি করা;

আমরা পিতামাতাদেরকে নিম্নোল্লিখিত পন্থায় সাধারণ সহায়তা প্রদান করবো:

- শিক্ষার্থীদের জন্য একটি নিরাপদ, সহায়ক ও কার্যকর শিক্ষণ কম্যুনিটি এবং পিতামাতা ও অভিভাবকদের জন্য আন্তরিক মর্যাদাসম্পন্ন পরিবেশ তৈরি করে;
- পিতামাতা সংশ্লিষ্টকরণ কর্মকাণ্ড বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত টাইটেল ওয়ান তহবিল এই সমঝোতা এবং পিতামাতা সংশ্লিষ্টকরণ নীতি অনুসারে ব্যবহার করা হচ্ছে, সেটা নিশ্চিত করা;

***** এখানে কাটুন *****
আমি ইস্ট-ওয়েস্ট স্কুল অব ইন্টারন্যাশনাল স্টাডিজ-এর পিতামাতা চুক্তির কপি পেয়েছি ও পাঠ করেছি। আমি স্কুলের সাথে অব্যাহত ও অর্থপূর্ণ সম্পর্ক বজায় রাখবো, এবং সমঝোতাটি মেনে চলতে সর্বোত্তম চেষ্টা করবো।

পিতামাতার নাম: _____

শিক্ষার্থীর নাম: _____

পিতামাতা/অভিভাবক

আমি আমার সন্তানের স্কুলে যাওয়ার প্রতি লক্ষ রাখবো এবং নিশ্চিত করবো যে, আমার সন্তান স্কুলে সময়মতো যায়, তাছাড়া যখন আমার সন্তান স্কুলে অনুপস্থিত থাকে, তখন স্কুলকে অবহিত করার প্রক্রিয়া অনুসরণ করবো;

আমি আমার সন্তান হোমওয়ার্ক সম্পন্ন করে কি-না, প্রয়োজনে তা পরখ করবো ও এতে সহায়তা দিবো;

আমি সন্তানকে স্কুলের নিয়ম ও প্রবিধানসমূহে মেনে চলতে উত্সাহিত করবো এবং এই সমঝোতা নিয়ে আমার সন্তানের সাথে আলোচনা করবো;

আমি যথাপ্রযুক্ত ক্ষেত্রে সন্তানের শিক্ষাসংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ করবো;

আমি আমার সন্তানের শিক্ষাসংক্রান্ত বিষয়ে প্রয়োজনে সন্তানের শিক্ষকের সাথে যোগাযোগ করবো এবং তাদের লেখাপড়া সংক্রান্ত বিষয়ে অবহিত থাকা এবং স্কুল বা ডিস্ট্রিক্ট থেকে যেসব বিজ্ঞপ্তি দেওয়া হয়, সেগুলো সাথে সাথে পড়বো ও ব্যবস্থা গ্রহণ করবো;

আমি অনুরোধ করা হলে সমীক্ষা, মতামত জ্ঞাপন ফরম এবং বিজ্ঞপ্তির জবাব দেবো;

আমি পিতামাতা সংশ্লিষ্টকরণ নীতি এবং এই সমঝোতা তৈরি, বাস্তবায়ন, মূল্যায়ন এবং সংশোধন করার কাজে সংযুক্ত থাকবো;

আমি স্কুলের প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশনে অংশগ্রহণ করবো কিংবা যতোটুকু সম্ভব অ্যাডভাইজরি গ্রুপগুলোতে, যেমন, টাইটেল ওয়ান প্যারেন্ট কমিটি, স্কুল বা ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম, ইত্যাদিতে অংশগ্রহণ করবো;

আমি আমার সন্তানের অধিকতর প্রাতিষ্ঠানিক সাফল্যের জন্য দায়িত্ব ভাগাভাগি করবো;

শিক্ষার্থী

আমি নিয়মিত ও সময়মতো স্কুলে উপস্থিত হবো;

আমি আমার হোমওয়ার্ক প্রদত্ত কাজ সময়মতো সম্পন্ন করবো ও জমা দেবো;

আমি স্কুলের নিয়ম মানবো ও আমার সকল কাজের জন্য দায়বদ্ধ থাকবো;

আমি নিজের, অপর মানুষের ও সম্পদের মর্যাদা প্রদান করবো;

আমি শান্তিপূর্ণভাবে মতপার্থক্য ও দ্বন্দ্বের মীমাংসা করবো;

আমি শেখার জন্য সর্বোচ্চ প্রচেষ্টা চালিয়ে যাবো।

পিতামাতার সহ: _____

শিক্ষার্থীর সহ: _____

২০১৫-২০১৬ পিতামাতা সংশ্লিষ্টকরণ নীতি

আমাদের স্কুল টাইটেল ওয়ান শিক্ষার্থী পিতামাতা এবং পরিবারগুলোকে নিম্নলিখিত উপায়ে সহায়তা প্রদান করবে:

- সন্তানদের সাফলতা, গণিত এবং টেকনোলোজি ব্যবহার, ইত্যাদি বিভিন্ন বিষয়ে সহযোগিতা প্রদানের জন্য সন্তানদের সাথে কাজ করায় সক্ষমতা দেওয়ার জন্য উপকরণ ও প্রশিক্ষণ দিয়ে পিতামাতাদেরকে সহায়তা দিয়ে;
- পিতামাতাগণ যাতে তাদের সন্তানদের শিক্ষায় পরিকল্পনা ও সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় কার্যকরভাবে সহায়তা প্রদান করতে সংশ্লিষ্ট হতে পারেন, সেজন্য প্রয়োজনীয় তথ্য ও প্রশিক্ষণ দিয়ে;
- পিতামাতাগণ কার্যকরভাবে সন্তানকে সহায়তা দিতে ও তাদের অগ্রগতির প্রতি দৃষ্টি দিতে সক্ষম হন, সেটা নিশ্চিত করার জন্য একটি যন্ত্রণীল ও কার্যকর বাড়ি-স্কুল অংশীদারিত্ব সৃষ্টিতে সহায়তা দেওয়া;
- পিতামাতাগণ যাতে সিটি, স্টেট এবং ফেডারেল মান ও মূল্যায়ন বুঝতে সক্ষম হন, সেজন্য সহায়তা প্রদান করা;
- স্কুল ও পিতামাতা সংক্রান্ত কর্মসূচি, সভা এবং অন্যান্য কর্মকাণ্ডের জন্য বিতরণে এমন পদ্ধতি গ্রহণ করা এবং এমন ভাষা ব্যবহার করা, যাতে তা পিতামাতাদের বোধগম্য হয়;
- স্কুলকর্মীদেরকে পিতামাতাদের সহায়তা নিয়ে গণসংযোগ, যোগাযোগ দক্ষতা বৃদ্ধি এবং পিতামাতা ও অন্যান্য স্কুল কমিউনিটির মধ্যে বন্ধন সুদৃঢ় করার জন্য সাংস্কৃতিক সচেতনতা তৈরির লক্ষ্যে পেশাদারিত্ব উন্নয়নের সুযোগ দেওয়া;

পিতামাতার সংশ্লিষ্টতা বাড়তে এবং স্কুলের মান উন্নত করতে আমাদের স্কুল যা করবে:

- সমন্বিত শিক্ষা পরিকল্পনায় নির্দেশনা অনুসারে স্কুলের টাইটেল ওয়ান পিতামাতা সংশ্লিষ্টকরণ নীতি ও স্কুল-পিতামাতা সমঝোতা বাস্তবায়নসহ সক্রিয়ভাবে পিতামাতাদের স্কুলের টাইটেল ওয়ান কর্মসূচি পরিকল্পনা, পর্যালোচনা এবং মূল্যায়নে সংশ্লিষ্ট ও নিযুক্ত করবে;
- পরিবারের সাফলতা বৃদ্ধি ও সন্তান লালনপালন দক্ষতাসহ পিতামাতাদের অংশগ্রহণ বৃদ্ধির জন্য সরবসরি স্কুলের জন্য বরাদ্দ করা বাধ্যতামূলক টাইটেল ওয়ান আলাদা করে রাখা তহবিল ব্যবহার সম্পর্কিত আলোচনায় ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে পিতামাতাদের সংশ্লিষ্ট করবে;
- পিতামাতা সংশ্লিষ্টকরণ নীতি এবং স্কুল-পিতামাতা সমঝোতায় নির্দেশিত কর্মকাণ্ড ও কৌশল অনুযায়ী পিতামাতাদের সংশ্লিষ্ট করার জন্য বরাদ্দকৃত টাইটেল ওয়ান তহবিল ব্যবহৃত হয়েছে কি না, সেটা নিশ্চিত করবে;
- স্কুল ও পরিবারসমূহের মধ্যে সংযোগ-রক্ষাকারী হিসেবে কাজ করার জন্য একজন প্যারেন্ট কোঅর্ডিনেটর (কিংবা একটি নিবেদিত কর্মী)-এর ব্যবস্থা রাখা। পিতামাতাদের জন্য প্যারেন্ট কোঅর্ডিনেটর বা নিবেদিত কর্মী স্কুলের শিক্ষার্থীদের ছেলেমেয়েদের পিতামাতাদের প্রয়োজনের মূল্যায়নভিত্তিক কর্মশালার ব্যবস্থা করবেন এবং নিশ্চিত করবেন যাতে আমাদের স্কুলের পরিবেশ সকল পিতামাতাদের জন্য উন্মুক্ত ও আমন্ত্রণমূলক হয়। এছাড়াও প্যারেন্ট কোঅর্ডিনেটর প্রতি মাসে পিতামাতাদের জন্য পরিকল্পিত অনুষ্ঠান ও কর্মকাণ্ডের তালিকা সংরক্ষণ করবেন এবং কেন্দ্রীয় অফিসের ফাইলে একটি প্রতিবেদন জমা দেবেন।
- পিতামাতা কর্মশালা আয়োজন করবে যার মধ্যে থাকবে: সন্তান লালন-পালন দক্ষতা, শিক্ষাগত দায়বদ্ধতা সম্পর্কে ধারণা, গ্রেড পর্যায়ের পাঠক্রম এবং মূল্যায়নের প্রত্যশা; সাফলতা, কমিউনিটি ও সহায়তা পরিষেবা লাভ; এবং বাড়িতে সন্তানদেরকে সহায়তা করায় পিতামাতাদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রযুক্তি প্রশিক্ষণ পিতামাতা কর্মশালা;
- দায়বদ্ধতার নিয়ম, যেমন এনসিএলবি/স্টেট-এর দায়বদ্ধতার নিয়ম, শিক্ষার্থীদের দক্ষতার স্তর, বার্ষিক স্কুল রিপোর্ট কার্ড, প্রগ্রেস রিপোর্ট, মান নিরীক্ষণ প্রতিবেদন, লারনিং এনভায়রনমেন্ট সার্ভে, ইত্যাদি সম্পর্কে পিতামাতাদের ধারণা লাভের সুযোগ দেওয়া;
- টাইটেল ওয়ান কর্মসূচিতে অংশগ্রহণকারী ছেলেমেয়েদের পিতামাতাদেরকে স্কুলের টাইটেল ওয়ান অর্থায়িত কর্মসূচি (কর্মসূচিসমূহ) সম্পর্কে পরামর্শ দেওয়া তাদের কর্মসূচিতে তাদের অংশগ্রহণ করার অধিকার এবং নো চাইন্ড লেফট বিহাইন্ড অ্যাক্ট-এর টাইটেল ওয়ান, পার্ট এ, সেকশন ১১১৮ এবং অন্যান্য প্রযুক্তি অনুচ্ছেদের শর্ত অনুসারে প্রতি স্কুল বছর ডিসেম্বরের ১ তারিখ বা তার আগে বার্ষিক বাধ্যতামূলক টাইটেল ওয়ান পিতামাতাদের সভা আয়োজন করা;
- পিতামাতাদেরকে স্কুলের শিক্ষামূলক কর্মসূচি ও চ্যাম্পেলরের নানান উদ্যোগ সম্পর্কে পরামর্শ দেওয়ার সুযোগ করে দিতে নমনীয় সময়ে, যেমন সকালে বা সন্ধ্যায় আরও অধিক সংখ্যক, যেমন ত্রৈমাসিক, প্যারেন্ট মিটিং আয়োজন করা;
- স্কুলের সকল গুরুত্বপূর্ণ নথি অনুবাদ করা এবং বিভিন্ন সভা ও অনুষ্ঠানে প্রয়োজনানুসারে দোভাষীর ব্যবস্থা করা।

এছাড়াও আমাদের স্কুল নিম্নলিখিত উপায়ে পিতামাতাদের অংশগ্রহণকে স্কুলপর্যায় উত্সাহিত করবে:

- প্যারেন্ট-টিচার কনফারেন্স-এর সময় এবং সারা স্কুলবছরব্যাপী শিক্ষামূলক পারিবারিক অনুষ্ঠান/কর্মকাণ্ড আয়োজন করে;
- স্কুল লিডারশিপ টিম, প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন এবং টাইটেল ওয়ান প্যারেন্ট কমিটি ইত্যাদিতে পিতামাতাদের অর্থপূর্ণ অংশগ্রহণকে উৎসাহিত করে;
- অধিকসংখ্যক পিতামাতাদেরকে প্রশিক্ষণপ্রাপ্ত স্বেচ্ছাসেবক হতে উৎসাহিত করে;
- পিতামাতাদেরকে অর্জিত অগ্রগতি সম্পর্কে সময় সময় লিখিত ও মৌখিক রিপোর্ট দিয়ে তাদের সন্তানদের অগ্রগতি সম্পর্কে অবহিত রেখে;
- পিতামাতাদেরকে স্কুলের কর্মকাণ্ড ও শিক্ষার্থীর অগ্রগতি সম্পর্কে পিতামাতাদের অবহিত করার জন্য একটি স্কুল নিউজলেটার বা ওয়েব প্রকাশনা তৈরি করা ও তা বিলি করে;